

মেহেরপুর পৌরসভা মেহেরপুর।

‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২১/১০/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার ‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ১ম পর্যায়ের কাজের বিল ভাউচার পর্যালোচনা ও অনুমোদন প্রসঙ্গে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৯/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের ১ম পর্যায়ের কাজের বিল ভাউচার পর্যালোচনা ও অনুমোদন প্রসঙ্গে।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ সম্পন্ন করে ১ম কিস্তির বিল/ভাউচার সভায় উপস্থাপন করা হয়। সভাপতি মহোদয় সভায় জানান, ইতি মধ্যে ৬টি বস্তিতে ফুটপাথ ও ড্রেনের কাজ শেষ করা হয়েছে। এই কাজের এমবি ও সম্পন্ন করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় মোট কাজের থেকে বিল ভাউচার একটু বেশি আছে। এস আইসির সদস্য সচিব গণ বলেন, কাজের সাইডে কিছু মালামাল আছে এবং কিছু অসমাপ্ত কাজ আছে যার এমবি করা হয়নি। সভাপতি মহোদয় নির্বাহী প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করলে, নির্বাহী প্রকৌশলী মহোদয় সভায় জানান, যেহেতু এটি আর এ	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	<p>বিল সেহেতু এমবির সাথে বিলের মিল নাও থাকতে পারে তবে তিনি বিল বিল ভাউচার এবং এমবি পর্যালোচনা করে বলেন এখানে যা আছে তা বাস্তব। ফাইনাল বিলে সব কিছু সমন্বয় হবে।</p> <p>সভায় বিল/ ভাউচার এবং এমবি পর্যালোচনা করে কোন ত্রুটি বিচ্যুতি না থাকায় সভায় সর্ব সম্মতি ক্রমে উহার অনুমোদন দেওয়া হয়।</p> <p>সভাপতি মহোদয় সভায় বলেন, ১ম কিস্তির কাজ করতে আমাদের অনেক দেরি হয়ে গেছে। প্রকল্প অফিস হতে ইতি মধ্যে কাজ দ্রুত শেষ করার জন্য চিঠি দিয়েছে। সব বিবেচনায় যত দ্রুত সম্ভব ২য় পর্যায়ের কাজ শুরু করতে হবে। এ ব্যাপারে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>মেয়র মহোদয় সভায় বলেন, পিডি মহোদয় ইতি মধ্যে আমাকে ফোনে বলেছেন, বস্তি উন্নয়নের কাজে কোন ভাবেই সময়ক্ষেপন করা যাবে না। যত দ্রুত সম্ভব এই কাজ শেষ করতে হবে। তাই তিনি আজকের সভায় সংশ্লিষ্ট সকলকে দ্রুত এই কাজ বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা দেন।</p>	
বিবিধ	<p>দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি হোসনে আরা সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট জানতে চান, PRAP বাস্তবায়নে দারিদ্র এলাকায় আর কোন কার্যক্রম বাস্তবায়ন হবে কিনা?</p> <p>মেয়র মহোদয় সভায় জানান, PRAP বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় চলতি অর্থ বছরে একটি কর্ম পরিকল্পনা করা হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী দারিদ্র এলাকায় রাস্তা/ড্রেন নির্মাণ করার বাজেট রয়েছে। অর্থিক অস্বচ্ছলতার কারণে অনেক কাজ করতে না পারলেও জরুরী কাজ বাস্তবায়ন করা হচ্ছে এবং ভবিষ্যতেও এই কার্যক্রম অব্যাহত থাকবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</p>	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাঃ আলপনা খাতুন)

কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)

ও সভাপতি

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প।
২., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।